



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৩৪/১৬

তারিখ: ৩৫ শ্রাবন ১৪৩০
৩০ জুলাই ২০২৩

বিষয়: রিট পিটিশন নং-১৫৫৯৫/২০২২ এ দরখাস্ত ১১.১২.২০২২ খ্রি. নিষ্পত্তি ও সুপার পদে দায়িত্বপালন প্রসঙ্গে।

- সূত্র:
১. জনাব মো: মজিবুর রহমান এর ১১/১২/২০২২ খ্রি. তারিখের আবেদন
 ২. রিট পিটিশন নং-১৫৫৯৫/২০২২
 ৩. নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৩৪/৬৪; তারিখ: ০৪ জুলাই ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন খামার আদর্শ বালিকা দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: মজিবুর রহমান মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৫৯৫/২০২২ দায়ের করেন। রিট পিটিশন নং-১৫৫৯৫/২০২২ এর আদেশে জনাব মো: মজিবুর রহমান এর ১১.১২.২০২২ খ্রি. তারিখের স্ব পদে পুনর্বহাল সংক্রান্ত আবেদন নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনা মোতাবেক বিগত ১১.১২.২০২২ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য ভারপ্রাপ্ত সুপার, সাময়িক বরখাস্তকৃত সুপার এবং পরিচালনা কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে সূত্রোক্ত ০৩ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উভয়পক্ষ উপস্থিত হয়ে মৌখিক বক্তব্য প্রদান ও প্রয়োজনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্যের বিস্তারিত পর্যালোচনায় সুপার জনাব মো: মজিবুর রহমান এর বরখাস্তকরণ প্রক্রিয়া বেসরকারী মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি ১৪ (১) এবং বিধি ১৪ (২) এর পরিপন্থী মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় সকল কাগজপত্র পর্যালোচনায় বরখাস্তকরণ প্রক্রিয়া বিধি মোতাবেক না হওয়ায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনাব মো: মজিবুর রহমান পত্র জারির পর থেকে স্ব পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো এবং একই সাথে রিট পিটিশন নং-১৫৫৯৫/২০২২ এর আদেশ মোতাবেক জনাব মো: মজিবুর রহমান এর ১১.১২.২০২১ খ্রি. তারিখের দরখাস্ত এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর মো: সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব মো: মজিবুর রহমান, সুপার
খামার আদর্শ বালিকা দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম;

৩০/০৭/২৩

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪২/১৩৫৬

তারিখ: শ্রাবন ১৪৩০
জুলাই ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
৪. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম
৬. সভাপতি, খামার আদর্শ বালিকা দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম;
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মো: ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd